দৈনিক ইত্তেফাক

তারিখ 23 DEC 1992
পৃষ্ঠা ১ কলাম ৪

61

# রাজশাহীতে ছাত্র সংঘর্ষ আহত ২৫ জন

রাজশাহী অফিস ॥ গতকাল (মঙ্গলবার) রাজশাহী সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্র শিবিরের সহিত ছাত্রদল, ছাত্রলীগ ও গণতান্ত্রিক ছাত্র ঐক্যের সারাদিন সংঘর্ষে ২৫ জন আহত হয়। গুরুতর আহত অবস্থায় ৯ জনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হইয়াছে। আহতদের মধ্যে ছাত্র দল মহানগরী সভাপতি ও কলেজ ছাত্র সংসদের ভিপি সাইদ হাসান সাইদ এবং প্রো-ভিপি ছাত্র শিবির নেতা মাহবুবুল হাসান রহিয়াছে। হাতে গুলীবিদ্ধ আহত সাইদকে একটি বেসরকারী ক্লিনিকে ভর্তি করা হইয়াছে। সকাল সাড়ে

(১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## রাজশাহীতে ছাত্র সংঘর্ষ

(১ম পৃঃ পর)

৯টার দিকে ক্যাম্পাসে ছাত্রশিবির এবং ছাত্রদলের কর্মীদের, পৃথক পৃথক মিছিলকালে এক সংঘর্ষে পিস্তলের গুলী ও বহু হাত বোমা ছোঁড়া হয়। কলেজের প্রশাসনিক ভবনে ছাত্রশিবিরের লাগান তালা ছাত্রদল ও গণতান্ত্রিক ছাত্র ঐক্যের কর্মীরা ভাঙ্গিয়া ফেলিয়াছে। প্রায় এক ঘন্টা এই সংঘর্ষকালে পুলিশ ২০/২৫ রাউণ্ড কাঁদানে গ্যাস ছুড়িয়া ক্যাম্পাস ও উহার পার্শ্ববর্তী এলাকাসমূহের পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এই ঘটনার ব্যাপারে ছাত্র সংগঠনগুলি একে অপরকে দোষারোপ করিয়া বিবৃতি দিয়াছে।